



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক অধিদপ্তর, ডাক ভবন  
শেরে বাংলা নগর, আগারগাও, ঢাকা-১২০৭  
শাখা কর্মকর্তা (সংস্থাপন) এর দপ্তর  
[www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd)



নম্বর: ১৪.৩১.০০০০.০২৯.১১.০০৫.২২.৫৭১


২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৬ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ডাক অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা সংক্রান্ত গুজবের প্রেক্ষিতে সতর্কীকরণ বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত কয়েক দিন যাবৎ কতিপয় স্বার্থাশ্বেষী ব্যক্তি ডাক অধিদপ্তরের “উপজেলা পোস্টমাস্টার” পদের নিয়োগ পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ ও প্রবেশপত্র ডাউনলোড সংক্রান্ত গুজব ফেসবুকসহ বিভিন্ন ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করছে, যা সম্পূর্ণ বানোয়াট, ভিত্তিহীন ও উদ্দেশ্য প্রণোদিত। এরূপ গুজব ছড়ানো তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ অনুযায়ী দণ্ডনীয় অপরাধ।

যে সকল ব্যক্তি এরূপ গুজব রটানোর সাথে জড়িত তাদেরকে ফেসবুকসহ বিভিন্ন ইলেক্ট্রনিক সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্টকৃত তথ্যাদি অবিলম্বে অপসারণের জন্য বলা হলো। অন্যথায়, পোস্টকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এরূপ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রাপ্ত গুজবের দ্বারা প্রভাবিত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংক্রান্ত প্রকৃত তথ্যাদি অনুসন্ধানের জন্য ডাক অধিদপ্তরের ওয়েব সাইট ([www.bdpost.gov.bd](http://www.bdpost.gov.bd)) ভিজিট করার জন্য পরামর্শ দেয়া হলো। এছাড়াও, এ বিষয়ে কোনো তথ্য থাকলে তা প্রার্থীদের মোবাইলে এসএমএস যোগে জানানো হবে।



১৬-০৫-২০২৩

মোঃআলতাফুর রহমান  
পরিচালক (কর্মী ও সংস্থাপন)

০২-৫৮১৬০৭০৬

[altafur.rahman@bdpost.gov.bd](mailto:altafur.rahman@bdpost.gov.bd)

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

